# Times Today BD

নূর আলম | জেলার খবর | 29 March, 2025

নেত্রকোনার দুর্গাপুরে দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে) হাসপাতালের রোগীদের সুবিধার্থে দুর্গাপুরে এই প্রথম লিফট উদ্বোধন করা হয়েছে। শনিবার (২৯ মার্চ) সকাল ১১টায় ডিএসকের নির্বাহী পরিচালক ডা. দিবালোক সিংহ হাসপাতালের নতুন লিফটটির উদ্বোধন করেন।

উদ্বোধন অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা সিপিবি সাধারণ সম্পাদক রুপন কুমার সরকার,বীর মুক্তিযুদ্ধা আব্দুল খালেক ,আদিবাসী ইউনিয়নের জেলা সভাপতি নিরন্তর বনোয়ারি, দুর্গাপুর প্রেসক্লাবের সভাপতি তোবারক হোসেন খোকন, সাবেক সম্পাদক জামাল তালুকদার, দুর্গাপুর সাংবাদিক সমিতির দপ্তর সম্পাদক নূর আলম, সাংবাদিক জুয়েল রানা, ডিএসকে হাসপাতাল ব্যবস্থাপক ধ্রুব সরকার,হাসপাতালের মেডিকেল অফিসার ডা.কৃপা দেব দাস,অর্থ কর্মকর্তা হাজং সত্যেন্দ্র তাপস,ল্যাব টেকনোলজিস্ট অমিত রায় প্রমুখ।

হাসপাতালের চিকিৎসকবৃন্দ, ডিএসকের কর্মকর্তাবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।উপস্থিত অতিথিরা হাসপাতালের উন্নয়ন ও রোগীদের সেবার মান বৃদ্ধির জন্য এই উদ্যোগের প্রশংসা করেন।

ডা. দিবালোক সিংহ উদ্বোধনী বক্তব্যে বলেন, "এই নতুন লিফটটি হাসপাতালের রোগীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।বিশেষ করে বৃদ্ধ, প্রতিবন্ধী এবং গুরুতর অসুস্থ রোগীরা দ্রুত এবং সহজে হাসপাতালের বিভিন্ন তলায় পৌঁছাতে পারবেন।এর মাধ্যমে হাসপাতালে রোগীদের সেবার মান আরও উন্নত হবে এবং তাদের নিরাপত্তা নিশ্চিত হবে।'

তিনি আরও বলেন, "এটি আমাদের চলমান উন্নয়নমূলক কর্মসূচির অংশ।আমরা ভবিষ্যতেও হাসপাতালের অন্যান্য অবকাঠামোগত উন্নয়ন চালিয়ে যাব, যাতে সেবা গ্রহীতারা উন্নত স্বাস্থ্যসেবা পেতে পারেন।'

উদ্বোধন শেষে উপস্থিত সবাই হাসপাতালের সেবা ও উন্নয়নের এই অগ্রগতির জন্য একে অপরকে ধন্যবাদ জানিয়ে ভবিষ্যতে আরও উন্নতি কামনা করেন।হাসপাতালে লিফট চালু হওয়ায় রোগীদের জন্য সেবা আরও সহজ এবং নিরাপদ হবে বলে জানান উপস্থিত চিকিৎসকবৃন্দ।

হাসপাতাল নেত্রকোনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:18

URL: https://www.timestodaybd.com/countrywide/163775807